

উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটির এর দ্বি-মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব ফারজানা ইয়াছমিন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
 সভার স্থান : সভাপতির কার্যালয়, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
 সভার তারিখ ও সময় : ১৫/১১/২০২১ খ্রিঃ বেলা-১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

অদ্য ১৫/১১/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটির দ্বি-মাসিক সভা ফারজানা ইয়াছমিন, মহিলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে তাহার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা হয়। পরে কমিটির সদস্য সচিব ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে আলোচ্য সূচি অনুযায়ী আলোচনা শুরু করার আহ্বান জানান। কমিটির সদস্য সচিব আলোচ্য সূচি অনুযায়ী আলোচনা শুরু করেন এবং আলোচনার বিষয় ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ :

ক্রঃনং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও পর্যালোচনা করা হয়।	কার্যবিবরণী কোন সংশোধনী না থাকায় সভায় তা দৃঢ়করণ করা হয়।
০২	করোনাকালীন সময়ে অনলাইনে ক্লাশ পরিচালনার জন্য শিক্ষকদের প্রশিক্ষণ:	কমিটির সম্মানিত সদস্য সচিব জনাব মোহাম্মদ ছানোয়ার হোসেন, উপজেলা মাধ্যমিক অফিসার, জামালপুর সদর সভাকে জানান, জামালপুর সদর উপজেলার মাধ্যমিক বিদ্যালয়ের করোনাকালীন সময়ে পাঠদান কিছুটা বিঘ্নিত হচ্ছে। তাই শিক্ষার্থীদের পড়ালেখার ক্ষতি পুষিয়ে নিতে অনলাইন পাঠদানের বিকল্প নেই। অনলাইন পাঠদান নিশ্চিত করতে বিদ্যালয়ে সকল শিক্ষককে বিষয়ক ভিত্তিক ডিজিটাল কন্টেন্ট তৈরী করতে দক্ষ করে তোলা অতীব জরুরী। এমতাবস্থায় সকল বিষয় ভিত্তিক শ্রেণি শিক্ষকদের দক্ষ করে তোলার জন্য প্রশিক্ষণ অনিবার্য।	উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, সভার সভাপতিত্বে উক্ত বিষয়টি উপজেলা পরিষদের মাসিক সভায় উত্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।
০৩	অনলাইন পাঠদান পরিচালনায় অন্যান্য সুযোগ সুবিধা :	সভার সম্মানিত সভাপতি জনাব ফারজানা ইয়াছমিন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর। করোনার কারণে ছাত্র-ছাত্রীরা নিয়মিত পাঠদানে অংশগ্রহণ করতে পারছে না এমনকি ঠিকমত ক্লাস ও করতে পারছে না। তাই প্রতিষ্ঠানে গুলোতে অনলাইন পাঠদান করা অত্যন্ত প্রয়োজন। অনলাইন ক্লাশ পরিচালনার জন্য সকল মাধ্যমিক বিদ্যালয় গুলোতে ওয়াই ফাই/ইন্টারনেট সংযোগ স্থাপনের ব্যবস্থা করা জরুরী। তা না হলে শিক্ষকগণ অনলাইন ক্লাশ নিয়মিত পরিচালনা করতে পারবেন না :	উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, সভার সভাপতিত্বে উক্ত বিষয়টি উপজেলা পরিষদের মাসিক সভায় উত্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ফারজানা ইয়াছমিন)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটি

জামালপুর সদর, জামালপুর।

তারিখ : ১৫/১১/২০২১খ্রিঃ

স্মারক নং-ইউএসইও/জাম/২১/

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

০২। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর।

০৩। জনাব-----সদস্য, উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটি, জামালপুর সদর, জামালপুর।

০৪। অফিস নথি।


(মোহাম্মদ ছানোয়ার হোসেন)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব